

রেজিষ্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১০, ১৯৯৯

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১০ই নভেম্বর, ১৯৯৯/২৬ শে কার্তিক, ১৪০৬

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১০ই নভেম্বর, ১৯৯৯ (২৬শে কার্তিক, ১৪০৬) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :-

১৯৯৯ সনের ২৩ নং আইন

পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন প্রতিষ্ঠাকল্পে বিধান করিবার উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু দারিদ্র বিমোচনের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও কানাডা সরকারের সাহায্যপুষ্ট এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত আরডি-১২ প্রকল্প, আর, বি, পি, এবং আর, বি, আই, পি, কে দরিদ্র ও অসুবিধাগ্রস্ত ব্যক্তিদের সেবায় নিয়োজিত একটি স্ব-শাসিত সুদৃঢ়, আর্থিক স্বনির্ভর ও অমুনাফাকাজী সংস্থা হিসাবে গড়িয়া তোলার উদ্দেশ্যে একটি স্ব-শাসিত, নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠানে রূপান্তর করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে।

এবং যেহেতু দারিদ্র বিমোচন, দরিদ্র ও অসুবিধাগ্রস্ত ব্যক্তিদের অর্থনৈতিক ও সামাজিক অগ্রগতি বৃদ্ধি ও নারী-পুরুষ সমতা বিকাশের উদ্দেশ্যে পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন প্রতিষ্ঠা করিবার এবং তৎসম্পর্কিত অন্যান্য বিষয়ের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

১। সংক্ষিপ্ত শিরোনামা ও কার্যকারিতা। -(১) এই আইন পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন আইন, ১৯৯৯ নামে অভিহিত হইবে।

কাজী মুহম্মদ মনজুরে মওলা  
সচিব